তারিখ ........ [illegible]
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ২ ......

সংবাদ

# শিক্ষা মন্ত্রণালয়ের দুটি প্রকল্পের নকশা প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন



গতকাল প্রধানমন্ত্রীর কাছে শিক্ষা মন্ত্রণালয়ের দুটি প্রকল্পের নকশা উপস্থাপন করেন শিক্ষামন্ত্রী —সংবাদ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে গৃহীত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্প্রসারণের দুটি প্রকল্পের নকশা উপস্থাপন করা হয়েছে। বাসস।

প্রকল্প দুটি হচ্ছে- সরকারি মাধ্যমিক বিদ্যালসমূহের উন্নয়ন এবং সরকারি কলেজসমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ শীর্ষক প্রকল্প এবং প্রস্তাবিত শের-ই-বাংলা বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ (নারী শিক্ষা মন্দির) এবং শেখ রাসেল উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্প। সকালে তার কার্যালয়ে **প্রকল্পের** : পৃষ্ঠা : ২ ক : ২

## প্রকল্পের : নকশা

(১৬ পৃষ্ঠার পর)

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রকল্প দুটির নকশা উপস্থাপন করা হয়।

প্রথমটি ৪ হাজার ৬৪০ কোটি টাকার এবং দ্বিতীয়টি এক হাজার ৮০৬ কোটি ৫৪ লাখ টাকার।

শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা নকশা দুটি উপস্থাপন করেন।

প্রধানমন্ত্রী স্লাইড দেখেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

তিনি বলেন, একটি শিক্ষা প্রতিষ্ঠানের ভবনে পর্যাপ্ত আলো-বাতাস চলাচলের ব্যবস্থা, উন্মুক্ত বারান্দা, জরুরি বর্হিগমন পথ, ফায়ার অ্যালার্ম ইত্যাদির অবশ্যই ব্যবস্থা থাকা উচিত।

এসব সতর্কতামূলক অ্যালার্ম শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলোতেও থাকা উচিত বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, মুখ্য সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব ড. সুরাইয়া বেগম উপস্থিত ছিলেন।

এ সময় শিক্ষা সচিব মোহম্মদ সোহরাব হোসেইনও উপস্থিত ছিলেন।

গত ২২ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত 'একনেক'র সভায় এই প্রকল্প দুটি অনুমোদিত হয়।